

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট- ১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ১৯২

তারিখঃ ০৯ মে ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.৪৯.০০.২০.০০২.০০১.২০১৫- ১১৪৯, তারিখঃ ২৯.১০.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য সংগ্রহের উদ্দেশ্যে সূত্রবর্ণিত পত্রমূলে বিগত ১০. ১১. ২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তর, সকল প্রকল্প পরিচালকের দপ্তর, সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তর এবং সকল উপজেলা প্রকৌশলীর দপ্তরের সৃষ্টিকাল থেকে ৩০. ০৬. ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন সকল অগ্রিম ও সাধারণ অডিট আপত্তির (অনুচ্ছেদের) পূর্ণাঙ্গ তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু নির্ধারিত সময় সীমা অতিক্রান্ত হয়ে গেলেও অদ্যাবধি যাচিত বিষয়ে বিস্তারিত তথ্যাদি পাওয়া যায়নি। ফলে পুঞ্জীভূত অডিট আপত্তির সংখ্যা যেমন ক্রমাগত বেড়ে চলেছে তেমনি সংশ্লিষ্ট সংস্থার আর্থিক শৃংখলা রক্ষা করাও সম্ভব হচ্ছেনা।

এমতাবস্থায়, আগামী ৩১. ০৫. ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তর, সকল প্রকল্প পরিচালকের দপ্তর, সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তর এবং সকল উপজেলা প্রকৌশলীর দপ্তরের সৃষ্টিকাল থেকে ৩০ জুন ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব সুপারিশসহ এবং সাধারণ আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত 'ক' ও 'খ' ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। অনিষ্পন্ন অডিট আপত্তি না থাকলে 'শূণ্য প্রতিবেদন' প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

ছক 'ক' অগ্রিম অডিট আপত্তির ব্রডশীট জবাব

সংস্থার নাম	আপত্তির অনুচ্ছেদ নং ও সন	অনুচ্ছেদের শিরোনাম ও বিস্তারিত বিবরণ	অডিটের মন্তব্য (যদি থাকে)	সংস্থার জবাব / পুনঃজবাব	উর্ধ্বতন কর্তৃপক্ষের সুপারিশ	মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

ছক 'খ' সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

সংস্থার নাম	অডিট আপত্তির সন	অনুচ্ছেদ নং	অনুচ্ছেদের সংক্ষিপ্ত শিরোনাম	মোট অনুচ্ছেদ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

০৯.৫.১৬
(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩২
lgd.gov.audit1@gmail.com

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

বিতরণঃ


- ১) প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক, এলজিইডি, (সকল) -----।
- ৩) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, (সকল)-----।
- ৪) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, (সকল)-----।

স্মারক নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ১৯২/১(৭)

তারিখঃ ০৯ মে ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) যুগ্ম- সচিব (উন্নয়ন/অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৪) সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় (ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।
- ৫) সংরক্ষণ নথি।


০২.৫.১৬

(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব